রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ২১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- *০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৮০*—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রিপরিষদ সচিব | সদস্য |
| (৬) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৭) | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | সদস্য |
| (৯) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১১) | পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর | সদস্য |
| (১২) | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | সদস্য |
| (১৩) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই) | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, সামরিক গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) | সদস্য |
| (১৫) | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম | সদস্য |
| (১৬) | শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার | সদস্য। |

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) বাংলাদেশে আশ্রয় নেয়া বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) ক্যাম্প এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত সার্বিক কার্যক্রমের সমন্বয়, ব্যবস্থাপনা ও প্রত্যাবাসনসহ সকল কার্যক্রমের সমন্বয় সাধন;

(২) প্রত্যাবাসন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স (এনটিএফ) ও ভাসানচরে স্থানান্তরের লক্ষ্যে গঠিত জাতীয় এক্সিকিউটিভ কমিটির কার্যক্রম এবং নিরাপত্তা প্রদানসহ রোহিঙ্গা নাগরিকদের বিষয়ে গৃহীত সকল কার্যক্রম পর্যবেক্ষণ, মূল্যায়ন, পুনঃনিরীক্ষণ ও পরামর্শ প্রদান; এবং

(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১.৩। কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবে।

১.৪। প্রতি ০৩ (তিন) মাসে কমিটি অন্যূন একটি সভা এবং প্রয়োজন অনুসারে যে কোনো সময়ে সভার আয়োজন করবে।

১.৫। রাজনৈতিক অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.২৫ স্মারকের জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd